


# যায়যায়দিন

তারিখ ... 24 JAN 2007 ...  
পৃষ্ঠা ২ কলাম ১

৫৬ জি/৩৭/৮



## সার্ক শীর্ষ সম্মেলনে যোগ দেবে বাংলাদেশ

যায়যায় রিপোর্ট

আগামী ৩ ও ৪ এপ্রিল দিল্লিতে অনুষ্ঠিত  
চতুর্দশ সার্ক শীর্ষ সম্মেলনে যোগ দেবে  
বাংলাদেশ। ইনডিয়ান হাই কমিশনার  
পিনাক রত্ন চক্রবর্তী গতকাল মঙ্গলবার  
পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র উপদেষ্টা ড.  
ইফতেখার আহমেদ চৌধুরীর সঙ্গে  
শৌক্য সাক্ষাৎ করলে **পৃষ্ঠা ৬**  
উপদেষ্টা এ কথা জানান।

## সার্ক শীর্ষ সম্মেলনে

(প্রথম পৃষ্ঠার পর)

বাংলাদেশ বর্তমান সাত জাতি সার্কের  
চেয়ারম্যান। সার্ক সম্মেলনে এবার  
সরকারের শীর্ষ পর্যায়ের একজন  
বাংলাদেশের প্রতিনিধি দলের প্রতিনিধিত্ব  
করবে।

তিনি সাংবাদিকদের বলেন, সার্ক  
সম্মেলনে তত্ত্বাবধায়ক সরকারের  
প্রতিনিধিত্বমূলক এই ভূমিকায় ইনডিয়া  
সমর্থন জানাবে।

তিনি বলেন, সার্ক সম্মেলনে বাংলাদেশ  
অংশ নেয়ার সিদ্ধান্তে আমরা খুব খুশি।  
ইনডিয়ান হাই কমিশনার বাংলাদেশের এ  
ইচ্ছার প্রশংসা করেন। এর আগে ২০০৫  
সালের নভেম্বরে ঢাকায় সার্ক সম্মেলন  
অনুষ্ঠিত হয়।